যুগান্তর

তারিখ 12 JUL 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৬

ছাত্রলীগের ২৮তম জাতীয় সম্মেলন

# আজ থেকে মনোনয়নপত্র বিতরণ শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বাংলাদেশ ছাত্রলীগের ২৮তম জাতীয় সম্মেলনের মনোনয়নপত্র আজ থেকে বিতরণ শুরু হবে। সভাপতি-সাধারণ সম্পাদক পদ প্রার্থীরা আজ বেলা ১১টা থেকে ১৫ জুলাই বুধবার বিকাল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন। ব্যাংক অ্যাকাউন্টে বা নির্বাচন কমিশনের কাছে তিন হাজার টাকা জমা দিয়ে ফরম সংগ্রহ করা যাবে। এছাড়া জেলা কমিটি থেকে ২৫ জন করে কাউন্সিলর তালিকা পাঠানোর তারিখ ১৩ জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রলীগ সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ। উপস্থিত ছিলেন সহ-সভাপতি জয়দেব নন্দী, যুগ্ম সাধারণ সম্পাদক শামসুল কবির রাহাত, মোস্তাফিজুর রহমান মোস্তাক, হাসানুজ্জামান তারেক, সাংগঠনিক সম্পাদক এসএম তরিকুল ইসলাম, শিহাবুজ্জামান শিহাব, দফতর সম্পাদক শেখ রাসেল, সমাজসেবা সম্পাদক কাজী এনায়েত, তথ্য ও গবেষণা সম্পাদক এরশাদুর রহমান চৌধুরী, পরিবেশ সম্পাদক সাইফুর রহমান সোহাগ, গণযোগাযোগ ও উন্নয়ন সম্পাদক অহিদুর রহমান জয়, কৃষি সম্পাদক রাইসুল ইসলাম জুয়েল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি আবিদ আল হাসান ও সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স প্রমুখ।

সংবাদ সম্মেলনে বলা হয়, পদপ্রত্যাশীদের নির্দিষ্ট সময়ের মধ্যে মনোনয়ন ফরম সংগ্রহ করে ২৮তম জাতীয় সম্মেলনের নির্বাচন কমিশনের কাছে জমা দিতে হবে। ফরম জমা দেয়ার সময় প্রার্থীদের এসএসসি পাসের মূল সনদের ফটোকপিসহ সব শিক্ষাগত যোগ্যতার সনদ জমা দিতে হবে। বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান ও নিয়মিত ছাত্রত্বের প্রত্যয়নপত্রও সঙ্গে থাকতে হবে এবং সদ্য তোলা তিন কপি ছবি আবেদন ফরমের সঙ্গে জমা দিতে হবে।

২৫-২৬ জুলাই অনুষ্ঠিতব্য এ সম্মেলনের নির্বাচন কমিশনার থাকবেন ছাত্রলীগের সহ-সভাপতি সুমন কুণ্ডু, যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান ও দফতর সম্পাদক শেখ রাসেল।

ছাত্রলীগ সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনা অনুযায়ী স্বচ্ছ ও সুষ্ঠুভাবে ছাত্রলীগের নেতৃত্ব নির্বাচন করা হবে। গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশের বিধিনিষেধের কারণে প্রধানমন্ত্রী ছাত্রলীগের সাংগঠনিক নেত্রীর পদে নেই। কাগজে-কলমে না হলেও বঙ্গবন্ধুর কন্যাই এই সংগঠনের সাংগঠনিক নেত্রী।

ছাত্রলীগ কেন্দ্রীয় দফতর সূত্রে জানা যায়, ইতিমধ্যে সম্মেলনের প্রস্তুতি কমিটিসহ বিভিন্ন উপ-কমিটির নাম ঘোষণা করা হয়েছে।